"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
মাদ্রাসা শাখা-২
(www.tmed.gov.bd)

নং- ৫৭.০০.০০০০.০৮৫.০০৬.২৬.১৭-৭৪২

তারিখ: ০৭ অগ্রহায়ণ ১৪২৪ বঙ্গাব্দ
২১ নভেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়: মাদ্রাসা অনুবিভাগের সমন্বয় সভার কার্যবিবরণী প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে মাদ্রাসা অনুবিভাগের ৯ম সমন্বয় সভা অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের সভাপতিত্বে গত ২০ নভেম্বর, ২০১৭খ্রি. তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের নিমিত্ত সিদ্ধান্ত সম্বলিত কার্যবিবরণী নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হ'ল।

সংযুক্তি: কার্যবিবরণী ৩ (তিন) পাতা।

**(মো: আবদুল খালেক)**
সহকারী সচিব (মাদ্রাসা-২)
☎ ৯৫৪৯৩৯৬

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। যুগ্মসচিব (মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
৩। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বখশি বাজার, ঢাকা।
৪। উপসচিব (মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। অধ্যক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনসিটিটিউট (বি.এম.টি.টি.আই), বোর্ড বাজার, গাজীপুর।
৬। অধ্যক্ষ, সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, বকশিবাজার, ঢাকা।
৭। সহকারী সচিব (মাদ্রাসা-১), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। উপসচিব (প্রশাসন ও অর্থ) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। অফিস কপি।

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
মাদ্রাসা শাখা-২
(www.tmed.gov.bd)

বিষয়: কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সমন্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক মাদ্রাসা অনুবিভাগের কাজের অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি : অতিরিক্ত সচিব (মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
তারিখ : ২০/১১/২০১৭ খ্রি.।
সময় : সকাল ১০.৩০ ঘটিকায়।
সভার স্থান : অতিরিক্ত সচিব (মাদ্রাসা) এর দপ্তর (ভবন নং-৬, কক্ষ নং-১৮২৪)
উপস্থিতি: : পরিশিষ্ঠ "খ"।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। বিগত সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন সকল দপ্তর কর্তৃক প্রেরিত হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং পরবর্তীতে প্রত্যেক মাসের ১৩ তারিখে বা তৎপূর্বে মাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন প্রেরণ করতে হবে। অত:পর সভাপতির অনুমতিক্রমে জনাব মো: ওয়াদুদ হোসেন, উপসচিব (মাদ্রাসা) কার্যপত্র অনুযায়ী এজেন্ডাসমূহ পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন। বিগত ১৮/১০/২০১৭খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী নিশ্চিত করার জন্য অনুরোধ জানানো হয়। সে প্রেক্ষিতে কোন সংশোধন না থাকায় উহা গৃহীত হয়। অত:পর সভায় এজেন্ডাসমূহ উপস্থাপন করা হয় এবং সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র: নং | আলোচ্যসূচি | বিগত সভার সিদ্ধান্ত | অগ্রগতি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|---|---|
| ১. | মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে এম.পি.ও কার্যক্রম পরিচালনার অগ্রগতি সংক্রান্ত। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে ডিপিপি দ্রুত অনুমোদনের ব্যবস্থা করতে হবে। | মাউশির সার্ভার থেকে এ সংক্রান্ত হার্ড কপি সংগ্রহ করে কার্যক্রম চলমান রয়েছে। MEMIS Cell স্থাপনের জন্য চূড়ান্ত অনুমোদন পাওয়া গেছে। পিডি নিয়োগের জন্য ৫৭.২৫.০০০০.০০৭.০১.০০১.১৬-৬২ তারিখ: ০২.১১.২০১৭ খ্রি: প্রস্তাব টিএমইডি তে প্রেরণ করা হয়েছে। | উপসচিব(মাদ্রাসা) জানান যে, পিডি নিয়োগ সংক্রান্ত পত্রটি পরিকল্পনা অনুবিভাগে প্রেরণ করা হয়েছে। সভাপতি মহোদয় সন্তোষ প্রকাশ করেন। | দ্রুত পিডি নিয়োগ এবং প্রকল্পর কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। | মহাপরিচালক, মাশিঅ। |
| ২. | বিভিন্ন সময়ে মন্ত্রণালয় থেকে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে প্রেরিত বিষয় নিস্পত্তি কার্যক্রম ও অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত। | মন্ত্রণালয় হতে প্রেরিত পত্রসমূহের ১ মাস, ৩ মাস, ৬ মাস এবং তদূর্ধ সময়ের অনিস্পন্ন কাজের তালিকা প্রস্তুত করে পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।<br>সকল অনিস্পন্ন নির্ধারিত সময়ের মধ্যে নিস্পত্তি করতে হবে। | ঢাকা ও ময়মনসিংহ বিভাগের ৩৮টির মধ্যে ১৪টি, সিলেটে ০১টির মধ্যে ০১টি, বরিশালের ২২টির মধ্যে ০১টি,খুলনার ১৪টির মধ্যে ৬টি,চট্টগ্রামের ২১টির মধ্যে ৫টি,এবং রাজশাহীর ১৮টির মধ্যে ৯টি বিষয়ে তদন্ত কার্যক্রম গ্রহণপূর্বক টিএমইডি তে পাঠানো হয়েছে। | মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের পরিচালক (প্রশাসন) জানান যে, বকেয়া কাজসমূহ দ্রুত নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করা হয়েছে। যা নিষ্পত্তি করে জানানো হবে। সভাপতি মহোদয়ে অবিলম্বে বকেয়া কাজ নিষ্পত্তি করার জন্য নির্দেশনা দেন এবং বকেয়া কাজসমূহ ১ মাস, ৩ মাস, ৬ মাস এবং তদূর্ধ সময়ের তালিকা প্রস্তুত করে পরবর্তী সভায় পূর্বে প্রেরণ করতে হবে। | বকেয়া কাজসমূহ অবিলম্বে নিস্পত্তি করতে করতে | মাদ্রাসা অনুবিভাগের শাখা-১/২, মহাপরিচালক, মাশিঅ। |
| ৩. | মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতায় বিভাগীয়/জেলা কার্যালয় স্থাপন কাজের অগ্রগতি সংক্রান্ত প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ। | ক) কারিগরি শিক্ষা অধিদপ্তরের সাথে যোগাযোগ করে জনবল পদায়নের বিষয়টি নিশ্চিত করতে হবে।<br>খ) ৩১/১২/১৭ সময়কালের মধ্যে ডিপিপি প্রণয়নের কাজ শেষ করতে হবে। | ০১জন সহকারী অধ্যাপক কারিগরি শিক্ষা অধিদপ্তর হতে এ দপ্তরে সংযুক্তিতে যোগদান করেছেন। | পরিচালক (প্রশাসন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর জানান যে, প্রকল্প প্রনয়ণের কাজ চলছে এবং নির্ধারিত সময়ে মধ্যে প্রকল্পের কাজ সম্পন্ন করে জানানো হবে। | ৩১/১২/২০১৭ খ্রি. তারিখের মধ্যে যথাযথভাবে প্রকল্পসমূহ প্রণয়নপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | মহাপরিচালক, মাশিঅ। |
| ৪. | মাঠ পর্যায়ের বিভিন্ন মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োগ কমিটিতে প্রতিনিধি প্রেরণের প্রতিবেদন প্রেরণ। | মহাপরিচালক, মাশিঅ সিদ্ধান্তের সাথে দ্বিমত পোষণ করলে তিনি অনতিবিলম্বে সচিব মহোদয়ের নিকট তার আপত্তির বিষয়ে জানাতে পারেন অন্যথায় সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে। | মাঠ পর্যায়ের বিভিন্ন মাদরাসা শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োগ কমিটিতে প্রতিনিধি প্রেরণ সংক্রান্ত ৫৭.২৫.০০০০.০০১.৩৬.০০১.১৫-৪৭ তারিখ: ১৩.১১.২০১৭ খ্রি: পত্র টিএমইডি তে প্রেরণ করা হয়েছে। | উপসচিব(মাদ্রাসা) জানান যে, এ বিষয়ে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর হতে পত্র পাওয়া গিয়েছে। সভাপতি মহোদয় দ্রুত পত্রটি উপস্থাপনের জন্য নির্দেশনা দেন। | এ বিষয়ে পরবর্তীতে গৃহীত সিদ্ধান্ত জানানো হবে। | মহাপরিচালক, মাশিঅ। |
| ৫. | মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর উন্নয়ন প্রকল্পের পিপি প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য বলা হলেও দীর্ঘদিন যাবৎ তা প্রতিপালিত হচ্ছে না। | অবশিষ্ট ৫(পাঁচ)টি প্রকল্পের ডিপিপি আগামী ৩১/১২/২০১৭ খ্রি. সময়কালের মধ্যে প্রণয়ন করে পরিকল্পনা বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। | এ বিষয়ে প্রকল্প ভিত্তিক তথ্যাদি নিম্নরূপ: (ক) মাদরাসায় মাল্টিমিডিয়া ক্লাসরুম স্থাপন সংক্রান্ত প্রকল্পটি পরিকল্পনা মন্ত্রি কর্তৃক অনুমোদিত হয়েছে এবং প্রশাসনিক অনুমোদনের জন্য টিএমইডি তে আছে। (খ) এবতেদায়ি স্তরে শিক্ষার্থী ঝরে পড়া রোধে উপবৃত্তি সংক্রান্ত প্রকল্পটি বর্তমানে চূড়ান্ত অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। (গ) ১০০টি মাদরাসায় ভৌত অবকাঠামো উন্নয়ন এবং বিজ্ঞান ও ল্যাঙ্গুয়েজ ল্যাব সংক্রান্ত প্রকল্পটির ডিজাইন ও ব্যয় নির্ধারণের জন্য ইইডি তে প্রেরণ করা হয়েছে। ইহা পাওয়ার পর টিএমইডি তে প্রেরণ করা হবে। (ঘ) মাদরাসা শিক্ষার্থী ফিডিং প্রকল্পটি ১৫.১২.২০১৭ খ্রি: এর মধ্যে টিএমইডি তে প্রেরণ করা হবে। (ঙ)মাদরাসা শিক্ষা অধিদপ্তরের জেলা ও আঞ্চলিক পর্যায়ে অফিস নির্মাণ প্রকল্পের জন্য তথ্য সংগ্রহের কাজ চলছে। (চ)বিএমটিটিআই শক্তিশালীকরণ প্রকল্পটি বিএমটিটিআই কর্তৃক প্রস্তুতপূর্বক মাদরাসা শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করবে।ছ) মাদরাসা শিক্ষকদের টিচিং কোয়ালিটি উন্নয়নের জন্য বিএমটিটিআই এর সাথে আলোচনা করে ডিপিপি তৈরী করা হবে। | এ বিষয়ে সভাপতি জানান যে, ২টি প্রকল্প অনুমোদিত হওয়ায় এবং ২টি অনুমোদনের জন্য পরিকল্পনা মন্ত্রণালয়ে প্রেরিত হওয়ায় সন্তোষ প্রকাশ করেন এবং ৩১/১২/২০১৭খ্রি. তারিখের মধ্যে অবশিষ্ট প্রকল্পসমূহের ডিপিপি প্রণয়নের কাজ সম্পন্ন করার নির্দেশনা দেন। | অবশিষ্ট প্রকল্পসমূহের ডিপিপি প্রণয়ণ ৩১/১২/২০১৭ খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন নিশ্চিত করতে হবে। | মহাপরিচালক, মাশিঅ। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৬. | বিভিন্ন সময়ে মন্ত্রণালয় থেকে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডে প্রেরিত বিষয় নিষ্পত্তি কার্যক্রম ও অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত। | ক) মন্ত্রণালয় হতে প্রেরিত পত্রসমূহের ১ মাস, ৩ মাস, ৬ মাস এবং তদূর্ধ সময়কালের অনিষ্পন্ন কাজের তালিকা প্রস্তুত করে পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।<br>খ) সকল অনিষ্পন্ন পরিদর্শন প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করতে হবে। | প্রাথমিক পাঠদান অনুমতি/একাডেমিক স্বীকৃতি/শাখা খোলার ১৭টি প্রতিবেদন প্রেরণ করা হয়েছে এবং অবশিষ্ট প্রক্রিয়াধীন আছে। | বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড ২৫টি বেসরকারি মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের প্রাথমিক পাঠদান অনুমতি/একাডেমিক স্বীকৃতি/শাখা খোলার প্রতিবেদন প্রেরণ করেছেন। বাকীগুলো পাওয়া যায়নি। পাওয়া গেলে প্রেরণ করা হবে। সভাপতি জানান যে, প্রতিটি কাজ করার জন্য সিটিজেন চার্টার রয়েছে। সে মোতাবেক কাজ করতে হবে। পত্র প্রাপ্তির সাথে সাথে কাজ শুরু করতে হবে। প্রতিমাসের ১৩ তারিখের মধ্যে প্রতিবেদন প্রেরণ করতে হবে। সময় উল্লেখ করে ১ মাস, ৩ মাস এবং ৬ মাস পেশ করতে হবে। | সকল বকেয়া কাজ সিটিজেন চার্টার ও বিধি অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পন্ন করতে হবে এবং পরবর্তী সভার পূর্বেই সময়ভিত্তিক তালিক প্রেরণ করতে হবে। | চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড। |
| ৭. | বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডে কর্মরত কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা, শূন্য পদ, শূন্য পদে জনবল নিয়োগের অগ্রগতি। | আগামী ১৮/১১/২০১৭খ্রি. তারিখের মধ্যে শূন্য পদে নিয়োগের প্রক্রিয়া শুরু করে এ বিভাগকে অবহিত করতে হবে। | শূন্য পদের তালিকা তৈরি করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইবিএ এর পরিচালকের নিকট প্রস্তাব চেয়ে পত্র প্রেরণ করা হয়েছে। | সভাপতি মহোদয় জানান যে, নিয়োগ বিজ্ঞপ্তি প্রচার করে স্বল্পতম সময়ের মধ্যে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা প্রয়োজন। | দ্রুত ও বিধি সম্মতভাবে নিয়োগ কাজ সম্পন্ন করতে হবে। | চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড। |
| ৮. | এবতেদায়ী মাদ্রাসার নবায়ন/ স্বীকৃতিদান/পাঠদানসহ কার্যক্রমের অগ্রগতি সংক্রান্ত। | প্রণীত খসড়া নীতিমালা দ্রুত চূড়ান্ত করতে হবে। | ইতোমধ্যে নীতিমালা তৈরি করে শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | ইতিমধ্যে এ বিষয়ে সভা হয়েছে। দ্রুত বিষয়টি নিষ্পত্তি করা হবে। কোড নম্বর নীতিমালা সিদ্ধান্ত হলে দেয়া হবে। | অবিলম্বে পরবর্তী সভার তারিখ নির্ধারণ করা হবে। | অতিরিক্ত সচিব (মাদ্রাসা) এবং চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড। |
| ৯. | ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি। | ই-ফাইলিং এর প্রশিক্ষণ গ্রহণ করে আগামী ০১/১১/১৭ তারিখের মধ্যে ই-ফাইলিং কার্যক্রম শুরু করতে হবে। | এটুআই এর সাথে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের ই-ফাইলিং কার্যক্রম চালুকরণের লক্ষ্যে ইন-হাউজ প্রশিক্ষণের ব্যবস্থা করার বিষয়ে আলোচনা করা হয়েছে। বোর্ডের জেডিসি-২০১৭ পরীক্ষা চলমান থাকায় পরীক্ষা শেষে সময় নির্ধারণ পূর্বক প্রশিক্ষণের ব্যবস্থা করে ই-ফাইলিং কার্যক্রম চালু করা হবে। | সভাপতি জানতে চান যে, গত মাসের সমন্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক ই-ফাইলিং প্রশিক্ষণ এটুআই এর মাধ্যমে সম্পন্ন হওয়ার কথা। এ বিষয়ে ই-ফাইলিং কাজের অগ্রগতি জানতে চাইলে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের ভারপ্রাপ্ত চেয়ারম্যান জানান যে, জেডিসি পরীক্ষা শুরু হওয়ায় উক্ত প্রশিক্ষণ গ্রহণ করা সম্ভব হয়নি। এতে সভাপতি মহোদয় অসন্তোষ প্রকাশ করেন এবং অবিলম্বে ব্যস্ততা থাকা সত্বে প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনা মোতাবেক ই-ফাইলিং প্রশিক্ষণ গ্রহণপূর্বক কার্যক্রম চালু করতে হবে। | আগামী ২০/১২/২০১৭ খ্রি. তারিখের মধ্যে অবশ্যই ই-ফাইলিং কার্যক্রম চালু করতে হবে এবং ই-ফাইলিং এর মাধ্যমে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে। | চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড। |
| ১০. | বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের ০৮(আট)টি আঞ্চলিক কার্যালয়ের বর্তমান অবস্থা ও করণীয়। | বিষয়টি পরীক্ষা-নিরীক্ষা করে মাদ্রাসা শিক্ষা বোর্ড পরবর্তীতে সিদ্ধান্ত গ্রহণ করবে। | বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের ০৮(আট) টি আঞ্চলিক কার্যালয়ের কার্যক্রম যথাযথভাবে চলমান রয়েছে। ভবিষ্যতে আঞ্চলিক কার্যালয়গুলো মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আঞ্চলিক কার্যালয় কমপ্লেক্সে স্থানান্তর করা হবে। এ জন্য প্রকল্প গ্রহণের আবশ্যকতা নেই। | সভাপতি জানান যে, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের সার্বিক কর্মকান্ডের গতিশীলতা আনয়ন ও সিটিজেন চার্টার অনুযায়ী যথা সময় কার্য নিষ্পত্তিতে ৮টি আঞ্চলিক কার্যালয়কে যথাযথভাবে ব্যবহার নিশ্চিত করতে হবে। বিভিন্ন মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন, প্রতিবেদন প্রণয়ন ও অভিযোগ তদন্তসহ বিভিন্ন কাজ নিষ্পত্তিতে আঞ্চলিক কার্যালয়কে ব্যবহার করা যায় কিনা না তা পরবর্তী সভায় জানাতে হবে। | মাদ্রাসা শিক্ষা বোর্ডের কাজে গতিশীলতা আনয়নের জন্য আঞ্চলিক কার্যালয়সমূহকে আরো দক্ষভাবে ব্যবহার করতে হবে। পরবর্তী সভায় এ বিষয়ে অগ্রগতি জানাতে হবে। | চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড। |
| ১১. | প্রকল্পের মাধ্যমে সরকারি/ বেসরকারি মাদ্রাসা শিক্ষকদেরকে দেশে/বিদেশে কত জনকে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তার বিস্তারিত বিষয় বিবরণ প্রদান সংক্রান্ত। | ক) মান সম্মত প্রশিক্ষণ নিশ্চিত করতে হবে। এ জন্য অধ্যক্ষ-কে আরো তৎপর ও দক্ষ/অভিজ্ঞ প্রশিক্ষক নিয়োগে যত্নবান হতে হবে।<br>খ) দেশের সকল মাদ্রাসা থেকে সুষমভাবে প্রশিক্ষণার্থী মনোনয়ন করতে হবে।<br>গ) ৮টি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রের ডিপিপি প্রণয়ন করতে হবে।<br>ঘ) অভ্যন্তরীণ এবং বৈদেশিক প্রশিক্ষণের অভিজ্ঞতার আলোকে প্রশিক্ষণ কার্যক্রম আরো আধুনিক ও যুগোপযুগি করতে হবে। | (খ) প্রশিক্ষণার্থী মনোনয়ন করেন ডিজি মহোদয়ের অফিস থেকে তবে কোন কোন ক্ষেত্রে অধ্যক্ষের সাথে আলোচনা করে সিদ্ধান্ত নেন। এখানে সুষমভাবে প্রশিক্ষণার্থী ডাকা হয়।<br>(গ) ০৮টি বিভাগে বিএমটিটিআই স্থাপনের ডিপিপি প্রণয়নের ক্ষেত্রে বিএমটিটিআই এর মূল ভবনের ডিপিপি কে বেশি গুরুত্ব দিয়ে এগিয়ে নেয়া চেষ্টা চলছে। এরপর পরই ৮ বিভাগের বিএমটিটিআই এর ডিপিপি করা সম্ভব হবে।<br>(ঘ) প্রশিক্ষণকে আধুনিকীকরণে প্রশিক্ষকদেরকে উজ্জীবিত করা হচ্ছে। যন্ত্রপাতি ও উপকরণ সরবরাহ করা হচ্ছে। | অধ্যক্ষ, বিএমটিটিআই জানান যে, প্রকল্প ও রাজস্বখাতে দেশে-বিদেশে প্রশিক্ষণ গ্রহণকারী শিক্ষকদের সঠিক তথ্য অবিলম্বে জানানো হবে।<br>যোগ্য প্রশিক্ষক বাছাই করেই প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।<br>ডিপিপি প্রণয়নের কাজ এগিয়ে চলেছে। শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের সংশ্লিষ্ট প্রকৌশলীর প্রয়োজনীয় সহযোগিতা না পাওয়ায় কিছুটা বিলম্বিত হচ্ছে। | অবিলম্বে ডিপিপি প্রণয়ন করতে হবে। প্রশিক্ষণের যাবতীয় তথ্য পরবর্তী মাসের ১৩ তারিখে মধ্যে প্রেরণ করতে হবে। | অধ্যক্ষ, বি.এম.টি.টি. আই। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১২. | বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বি.এম.টি.টি.আই) এর জনবল নিয়োগের অগ্রগতি। | অনুপস্থিত কর্মচারির বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃংখলা ও আপিল) বিধি ১৯৮৫ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করে আগামী ১(এক) মাসের মধ্যে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। | অনুপস্থিত কর্মচারীর বিরুদ্ধে অতীতে গৃহীত ব্যবস্থাগুলো ডিজি মহোদয়কে জানানো হয়েছে। পরবর্তী করণীয় নিয়ে পরামর্শ করে দ্রুত ব্যবস্থা নেয়া হবে। | অধ্যক্ষ, বিএমটিটিআই জানান যে, দীর্ঘ দিন যাবৎ ১ জন অফিস সহায়ক অনুপস্থিত রয়েছে। তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করে জানানো হবে। গত মাসে সভায় এ বিষয়ে সরকারি কর্মচারী শৃঙ্খলা আপিল বিধি ১৯৭৫ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ জন্য বলা হলে তা প্রতিপালিত না হওয়ায় সভাপতি মহোদয় অসন্তোষ প্রকাশ করেন। | তাঁর বিরুদ্ধে বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করে জানাতে হবে। | অধ্যক্ষ, বি.এম.টি.টি. আই। |
| ১৩. | বি.এম.টি.টি.আই কর্তৃক প্রণীত ২০১৭-১৮ সনের শিক্ষক প্রশিক্ষণের কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা। | আগামী সভায় অগ্রগতি জানানো হবে। | নভেম্বর পর্যন্ত লক্ষ্যে মাত্রার ৫০% অর্জিত হয়েছে। | এ বিষয়ে সভাপতি বলেন যে, মাস ভিত্তিক বছরে কর্মপরিকল্পনা প্রেরণ করতে হবে এবং অর্জিত হার জানাতে হবে। | শিক্ষক প্রশিক্ষণের বার্ষিক কর্মপরিকল্পনা নির্ধারণ করতে হবে এবং মাসিক অর্জিত হার জানাতে হবে। | অধ্যক্ষ, বি.এম.টি.টি. আই। |
| ১৪. | মাদ্রাসা শিক্ষা বোর্ডে মামলা ও অভিযোগ নিষ্পত্তিতে উৎবুদ সমস্যা নিরশন সংক্রান্ত। | মাদ্রাসা শিক্ষা বোর্ডের রেজিস্ট্রার জনাব মো: মুজিবুর রহমান জানান যে, মাদ্রাসা শিক্ষা বোর্ডে মাদ্রাসার ম্যানেজিং কমিটি গঠন ও অধ্যক্ষ/সুপার ও শিক্ষকদের চাকুরী সংক্রান্ত মামলা ও অভিযোগ নিষ্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট কমিটির সভাপতি ও সংশ্লিষ্ট শিক্ষককে অভিযোগ নিষ্পত্তির লক্ষ্যে মাদ্রাসা শিক্ষা বোর্ড কার্যালয়ে বারবার ডাকা শর্তেও তাঁরা বোর্ড কার্যালয়ে উপস্থিত হয় না। বিষয়সমূহ নিষ্পত্তিতে সমস্যা সম্মুখিন হতে হচ্ছে। এ অবস্থায় করণীয় কি মর্মে নির্দেশনা চান। | | | এ জাতীয় বিষয় সমূহ কেইস বাই কেইস বোর্ডের মতামতসহ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড। |
| ১৫. | বিবিধ:<br>ক) সরকারি আলিয়া মাদ্রাসায় জনবল নিয়োগ সংক্রান্ত। | ক) পরবর্তী সভার পূর্বেই নিয়োগ বিধির খসড়া মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | (ক) ০৩(তিন)টি সরকারি-ই-আলিয়া মাদ্রাসায় মাধ্যমিক স্তরে শিক্ষকদের নিয়োগের ব্যাপারে আলোচনা বাংলাদেশ কর্মকমিশন সচিবালয়ে পত্র প্রেরণ করা হয়েছে এবং উক্ত পত্রের প্রেক্ষিতে তথ্য চেয়ে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করেছেন। চাহিত তথ্য মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর-কে প্রেরণের জন্য লিখা হয়েছে এবং তাগিদ পত্র দেয়া শর্তেও অদ্যবধি প্রেরণ করা হয়নি। | | দ্রুত বাংলাদেশ কর্মকমিশন কর্তৃক চাহিত তথ্য দ্রুত প্রেরণ করতে হবে। | মাদ্রাসা অনুবিভাগ এবং মহাপরিচালক, মাশিঅ |

(রওনক মাহমুদ)
অতিরিক্ত সচিব (মাদ্রাসা)
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,
শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।